

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৬৭) নিফাকীর কুফরী কাকে বলে?

উত্তরঃ মানুষকে দেখানোর জন্যে প্রকাশ্যভাবে আনুগত্যমূলক কাজ করা এবং অন্তরে অবিশ্বাস থাকলে তাকে নিফাকের কুফরী বলে। যেমন আন্দুল্লাহ্ ইবনে উবাই ইবনে সুলুল এবং তার দলের লোকদের কুফরী। তাদের সম্পর্কে আল্লাহ্ তাআলা বলেনঃ

وَمِنَ النَّاسِ مَنْ يَقُولُ آمَنَّا بِاللَّهِ وَبِالْيَوْمِ الآخِرِ وَمَا هُمْ بِمُؤْمِنِينَ * يُخَادِعُونَ اللَّهَ وَالَّذِينَ آمَنُوا وَمَا يَخْدَعُونَ إِلاَّ أَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُونَ * فِي قُلُوبِهِمْ مَرَضٌ فَزَادَهُمُ اللَّهُ مَرَضًا وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ بِمَا كَانُوا يَكْذُبُونَ إلى قوله _كُلِّ شَيْعٍ قَدِيْرٌ

"আর মানুষের মধ্যে এমন লোক আছে, যারা বলেঃ আমরা আল্লাহর উপর এবং বিচার দিবসের প্রতি ঈমান এনেছি। অথচ তারা মোটেই ঈমানদার নয়। তারা আল্লাহ্ এবং মুমিনদের সাথে প্রতারণা করে। প্রকৃত অর্থে নিজেদের ব্যতীত অন্য কাউকে প্রতারণা করতে পারে না। অথচ তারা এ সম্বন্ধে বোধগম্য নয়। তাদের অন্তরে রয়েছে ব্যাধি। উপরস্তু আল্লাহ তাদের ব্যাধি আরো বাড়িয়ে দিয়েছেন। এবং তাদের জন্য রয়েছে যন্ত্রনাদায়ক শাস্তি। এভাবে ২০নং আয়াত পর্যন্ত। (সূরা বাকারাঃ ৮-২০) এ ছাড়াও আরো অনেক আয়াত রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11981

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন